

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০১১

৬. কুরবানী অধ্যায় (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ১৩. পশুর অঙ্গছেদনের নিষেধাজ্ঞা

بَابِ النَّهْيِ عَنْ مُثْلَةِ الْحَيَوَانِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا شُعْبَةُ حَدَّثَنِي الْمِنْهَالُ بْنُ عَمْرٍ قَالَ سَمِعْتُ سَعِيدَ بْنَ جُبَيْرٍ يَقُولُ خَرَجْتُ مَعَ ابْنِ عُمَرَ فِي طَرِيقٍ مِنْ طُرُقِ الْمَدِينَةِ فَإِذَا غِلْمَةٌ يَرْمُونَ دَجَاجَةً فَقَالَ ابْنُ عُمَرَ مَنْ فَعَلَ هَذَا فَتَفَرَّقُوا فَقَالَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَعَنَ مَنْ يُمَتِّلُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَعَنَ مَنْ يُمَتِّلُ بِالْحَيَوانِ

বাংলা

২০১১. সা'ঈদ ইবনু যুবাইর হতে বর্ণিত। তিনি বললেনঃ আমি ইবনু 'উমার রাদিয়াল্লাহু আনহু এর সাথে মদীনার কোনো এক রাস্তায় বের হলাম। তথন একদল তরুণ একটি মুরগী বেঁধে তার দিকে তীর ছুঁড়ছিল। ইবনু 'উমার রাদিয়াল্লাহু আনহু বললেনঃ এ কাজ কে করেছে? তখন তারা তা থেকে বিচ্ছিন্ন হয়ে গেল। তখন তিনি বললেনঃ যে ব্যক্তি জীব-জন্তুর অঙ্গহানি করে তাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লা'নাত করেছেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, যাবাইহ ওয়াস সাইদ ৫৫১৫; মুসলিম, সাইদ ওয়ায যাবাইহ ১৯৫৮;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৬৫২; সহীহ ইবনু হিব্বান নং ৫৬১৭ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাঈদ ইবনু ইয়াযীদ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন